

## জেলার নামঃ খাগড়াছড়ি

প্রশ্ন ১) বিকাশের মাধ্যমে দেওয়া শিক্ষা উপবৃত্তির টাকা থেকে খাগড়াছড়ি জেলার কিছু শিক্ষার্থীর মোবাইলে আসেনি, যদিও জেলা শিক্ষা অফিস থেকে যথাযথ পদ্ধতিতেই বিকাশের মাধ্যমে টাকা পাঠানো হয়েছিল। বিকাশ প্রতারণা থেকে বাঁচার উপায় কি?

উত্তরঃ ব্যক্তি পর্যায়ের সচেতনতা ছাড়া বিকাশ প্রতারণা থেকে বাঁচার কোন উপায় নেই। বিকাশের গোপন পিন নাম্বারটি কারো সাথে শেয়ার করা যাবেনা। শিক্ষা উপবৃত্তির টাকা বিতরণের আগে ছাত্রীদের এ ব্যাপারে স্কুল থেকে নোটিশের মাধ্যমে সতর্ক করে দেওয়া যেতে পারে। বিকাশের পিন নাম্বার হিসাবে মোবাইল নাম্বারের শেষ চার/ পাঁচ ডিজিট ব্যবহার না করে অন্য কোন সংখ্যা ব্যবহার করতে হবে যাতে বিকাশ পিনটি অন্য কারো পক্ষে সহজে অনুমান করা সম্ভব না হয়। কোন অবস্থাতেই বিকাশ এজেন্টকে দিয়ে বিকাশ অপারেট করানো যাবেনা। বিকাশ একাউন্ট সংক্রান্ত যাবতীয় কাজ ব্যবহারকারী নিজেই করবেন।

প্রশ্ন ২) ফ্রি ফায়ার/ পাবজি এসব অনলাইন গেমস বন্ধ করা যায় কিনা?

উত্তরঃ এসব গেমস আন্তর্জাতিক বিধান অনুসারে পরিচালিত হয় বলে এসব গেমস বন্ধ করার প্রক্রিয়াটি জটিল। ইন্টারনেট সেবা বন্ধ না করে সচেতনতা বাড়াতে হবে। এক্ষেত্রে অভিভাবকদের সন্তানদের উপর নজর রাখতে হবে।

প্রশ্ন ৩) অনেক সময় ছাত্র ছাত্রীরা মোবাইল দোকান থেকে ফেসবুক একাউন্ট রেজিস্টার করে। এর ফলে পাসওয়ার্ড / আইডি হ্যাকারদের হাতে চলে যাচ্ছে। এ থেকে বাঁচার উপায় কি?

উত্তরঃ দোকান থেকে ফেসবুক একাউন্ট না খুলে ব্যবহারকারীর নিজেরই একাউন্ট করা উচিত। নিজের ডিভাইস ছাড়া অন্য কোন ডিভাইসে ফেসবুকে লগ ইন করার পর লগ আউট করতে ভুলে গেলে ফেসবুক এপ এর সেটিংস এ গিয়ে “log out from all devices” অপশনে ক্লিক করে সব ডিভাইস থেকে লগ আউট করতে হবে।

প্রশ্ন ৪) আমি ফেসবুকে ট ফ্যান্টম অথেন্টিকেশন চালু করার পর লগ ইন করার চেষ্টা করি, কিন্তু মোবাইলে কোন ওটিপি আসেনি। এর পর জন্মতারিখ ব্যবহার করে ফেসবুকে লগ ইন করার চেষ্টা করতে গিয়ে ভুল জন্ম তারিখ দেওয়ার কারণে আমার একাউন্টটি লক হয়ে যায়। এখন আমি কি করতে পারি?

উত্তরঃ এক্ষেত্রে ফেসবুকের forgot password অপশনে ক্লিক করলে যে ইমেইল এর মাধ্যমে ফেসবুক একাউন্টটি খোলা হয়েছে সেখানে একাউন্ট রিকভার করার নির্দেশনা ও লিঙ্ক পাঠানো হবে। এই নির্দেশনাগুলো সঠিকভাবে অনুসরণ করলে ফেসবুক একাউন্ট রিকভার করা যাবে।

প্রশ্ন ৫) আমার মোবাইলে মেসেজ এসেছিল যে, এই লিংকে ক্লিক করলে আমি আইফোন পাব। এই লিংকে ক্লিক করলে আসলে কি হত?

উত্তরঃ এটি এক ধরনের ফিশিং। সাধারণত এধরনের লিংকে ক্লিক করার পর আইফোন পাওয়ার জন্য কিছু ব্যক্তিগত তথ্য জানতে চাওয়া হয়, যা ব্যবহার করে পরে বড় ধরনের কোন সাইবার ক্রাইম এর ঘটনা ঘটে যেতে পারে। তাই এ জাতীয় লিংকে কখনো ক্লিক করা উচিত নয়।

প্রশ্ন ৬) আজকের ওয়েবিনারের ভিডিও রেকর্ডিং কোথায় পাব?

উত্তরঃ কন্যা কথা ওয়েবসাইটে এই অনুষ্ঠানের রেকর্ডিং পাওয়া যাবে। লিংকঃ  
<https://konnakotha.kazishoaib.repl.co/>